

Report

## খুলনা ইউনিভার্সিটিতে নতুন ভিসি ন্যাশনাল ইউনিভার্সিটির ট্রেজারারের নিয়োগ বাতিল

যাযাদি রিপোর্ট

ন্যাশনাল ইউনিভার্সিটির ট্রেজারারের নিয়োগ বাতিল ও খুলনা ইউনিভার্সিটির (খুবি) ভিসি পরিবর্তন করা হয়েছে। গতকাল এডুকেশন মিনিস্ট্রি সূত্রে এ তথ্য জানা গেছে।  
সূত্র জানায়, এডুকেশন মিনিস্ট্রির এ বছরের ১৬ জানুয়ারির শাঃ ১৮/জাতীয় বিঃ-৬/৯৮/৪৫ নাম্বার প্রজ্ঞাপনমূলে ন্যাশনাল ইউনিভার্সিটির ট্রেজারার হিসেবে নিয়োগপ্রাপ্ত মোঃ মকবুল হোসেন ওই ইউনিভার্সিটির ট্রেজারার পদে যোগদান না করায় চিফ অ্যাডভাইজার ও ইউনিভার্সিটির চ্যান্সেলর বাতিল করেছেন তার ট্রেজারার পদের নিয়োগ। চিফ অ্যাডভাইজার ও ইউনিভার্সিটির চ্যান্সেলর আদেশক্রমে গতকাল উপসচিব (ইউনিভার্সিটি-২) মোঃ

রহিস উদ্দিন জনস্বার্থে এ আদেশ জারি করেন।

এদিকে খুলনা ইউনিভার্সিটির ভিসির পদ থেকে প্রফেসর ড. মাহবুবুর রহমানকে সরিয়ে দেয়া হয়েছে। তিনি ঢাকা ইউনিভার্সিটির শিক্ষক ছিলেন। বর্তমানে ড. মাহবুবুর রহমান বিদেশে অবস্থান করছেন বলে একটি সূত্র জানিয়েছে। তিনি সেখান থেকে পদত্যাগ পত্র পাঠান। তার পদত্যাগ পত্র গ্রহণ করা হয়েছে। তার জায়গায় প্রফেসর ড. সাইফুদ্দিন শাহকে নিয়োগ দেয়া হয়। নয়া ভিসিকে অবিলম্বে নিজ পদে যোগদানের জন্য বলা হয়েছে। খুলনা ইউনিভার্সিটি রিপোর্টার জানান, প্রফেসর ড. মোঃ সাইফুদ্দিন শাহকে খুলনা ইউনিভার্সিটি আইন পৃষ্ঠা ১৯৯০ (১১) (২) ধারা

### ন্যাশনাল ইউনিভার্সিটির

(শেষ পৃষ্ঠার পর)

অনুযায়ী খুলনা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর (সাময়িক) হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। নতুন ভাইস চ্যান্সেলর হিসেবে প্রফেসর ড. সাইফুদ্দিনের নামই শোনা যাচ্ছিল। গতকাল শিক্ষা মন্ত্রণালয় এক ফ্যাক্স বার্তার মাধ্যমে এর সত্যতা নিশ্চিত করেছে। গতকাল সন্ধ্যায় তিনি যোগদান করেছেন।

প্রফেসর ড. মোঃ সাইফুদ্দিন শাহ ১৯৯৫ সালে খুলনা ইউনিভার্সিটির ফিশারিজ অ্যান্ড মেরিন রিসোর্স টেকনলজি (এফএমআরটি) ডিসিপ্লিনে যোগ দেন। তিনি সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সদস্য, হল প্রভোস্ট, জীববিজ্ঞান আনুষঙ্গিক ডিন ও এফএমআরটি ডিসিপ্লিনের প্রধানসহ খুলনা ইউনিভার্সিটির বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন।